

**সরকারি ও বেসরকারিভাবে বিদেশে চাকুরি প্রার্থীদের নাম রেজিস্ট্রেশন সম্পর্কিত জরুরী**

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্বের বিভিন্ন দেশে সরকারি ও বেসরকারিভাবে বৈদেশিক চাকুরির জন্য অগ্রহী পুরুষ ও মহিলা প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী পছন্দমত বিভিন্ন পেশায় বুয়েটের সহায়তায় ডিজিটলাইজড পদ্ধতিতে নাম রেজিস্ট্রেশন করা হবে। ইউএনডিপি ও ইউএসএআইডি'এর কারিগরি সহায়তায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাস্তবায়নাবীন একসেস টু ইনফরমেশন (এ টু আই) প্রোগ্রাম এবং স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে স্থাপিত সকল ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্র (ইউআইএসসি), সিটি কর্পোরেশনের অধীন ওয়ার্ড পর্যায়ে স্থাপিত নগর তথ্য ও সেবাকেন্দ্র (সিআইএসসি), পৌরসভার আওতাধীন পৌরসভা তথ্য ও সেবাকেন্দ্র (পিআইএসসি) এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ ৪২ জেলায় অবস্থিত জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে (ডিইএমও) স্ব স্ব জেলার প্রার্থীদের রেজিস্ট্রেশন করা যাবে।

- অগ্রহী প্রার্থীদের বাংলাদেশের নাগরিক হতে হবে।
- প্রার্থীদের বয়স সীমা ১৮-৪৫ বছর।
- শুধুমাত্র নারী গৃহকর্মী পেশায় বয়স ২৫-৪৫ বছর হতে হবে। (অন্যান্য পেশার ক্ষেত্রে মহিলা প্রার্থীদেরও বয়স সীমা ১৮-৪৫ বছর।)
- যে কোন দেশের জন্য এই রেজিস্ট্রেশন প্রযোজ্য হবে তবে প্রার্থী তার পছন্দের পেশায় সর্বাধিক ৭টি দেশে অভিবাসনের জন্য আবেদন করতে পারবেন।
- প্রার্থী সর্বমোট ২০০-এর অধিক ট্রেড/পেশা হতে এক বা একাধিক ট্রেড পছন্দ করতে পারবেন।
- এছাড়া যাদের বিশেষ কোন ট্রেড বা পেশায় দক্ষতা নাই তারা সাধারণ কর্মী হিসাবে রেজিস্ট্রেশন করতে পারবেন।

**অন-লাইনে রেজিস্ট্রেশন ফরম পূরণের নিয়মাবলীঃ**

ক) ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র, নগর তথ্য ও সেবা কেন্দ্র, পৌরসভা তথ্য ও সেবা কেন্দ্র এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস'এ সরকারী রেজিস্ট্রেশন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) এবং ফরম পূরণে সহায়তা করার জন্য উদ্যোক্তাকে ১০০/- (একশত টাকা) সর্বমোট ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা) নগদ ফি দিয়ে অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে।

খ) বিভাগওয়ারী রেজিস্ট্রেশন শুরু তারিখ ও সময় (সাপ্তাহিক ছুটির দিন সহ) :

ক্রমিক নং	বিভাগ / সিটি কর্পোরেশন	তারিখ	সময়
১.	ঢাকা ও বরিশাল	২২/০৯/২০১৩ হতে ২৮/০৯/২০১৩ পর্যন্ত	প্রতিদিন সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত।
২.	রাজশাহী, রংপুর, সিলেট	২৮/০৯/২০১৩ হতে ০৪/১০/২০১৩ পর্যন্ত	প্রতিদিন সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত।
৩.	খুলনা ও চট্টগ্রাম	০৪/১০/২০১৩ হতে ১০/১০/২০১৩ পর্যন্ত	প্রতিদিন সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত।

- ইতোমধ্যে মালয়েশিয়ায়, হংকং, সিংগাপুর ও জর্ডানে গমনের জন্য যে সকল পুরুষ ও নারী কর্মী রেজিস্ট্রেশন করেছেন তারাও বর্তমানে অন্যান্য দেশের জন্য পছন্দ অনুযায়ী দক্ষ/আধা দক্ষ/ অদক্ষ/ ট্রেডভিত্তিক রেজিস্ট্রেশন করতে পারবেন।
- এই রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর রেজিস্ট্রেশনভুক্ত প্রার্থীগণের বিদেশে যাওয়া শেষ না হওয়া পর্যন্ত নতুন করে রেজিস্ট্রেশনের সুযোগ থাকবে না। যারা এখন রেজিস্ট্রেশন করছেন না কিন্তু পরবর্তীতে বিদেশে যাবার মনস্থ করবেন, তারা ২ বছর পর রেজিস্ট্রেশনের সুযোগ পাবেন। তবে যারা রেজিস্ট্রেশনের পরে ১৮ বৎসর বয়সে পদার্পন করবেন তারা বয়স প্রমানের সার্টিফিকেটসহ যে কোন সময় জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে রেজিস্ট্রেশন করতে পারবেন।

**রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র :**


১. মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) যদি থাকে/ না থাকলে জাতীয় পরিচয়পত্র যদি থাকে/ না থাকলে জন্ম নিবন্ধনপত্র অবশ্যই আনতে হবে। (জন্ম নিবন্ধনে যে নাম ঠিকানা ব্যবহার করা হয়েছে পরবর্তীতে হবহু সেই তথ্যের ভিত্তিতে পাসপোর্ট তৈরী করতে হবে।)
২. শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) ১ সেট ফটোকপি সহ।
৩. অভিজ্ঞতার সনদ (দেশে/বিদেশে) যদি থাকে।

যে কোন তথ্য জানার জন্য নিম্নবর্ণিত টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে :

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর সমূহে সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত :

৮৩২৩০০৪, ৮৩২২৯৪৬, ৮৩১৯৩২২, ৮৩১৭৫১১।

নিবন্ধন সংক্রান্ত যে কোন তথ্য জানার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এ টু আই) প্রোগ্রামের কলসেন্টারের টেলিফোন নম্বর ০৯৬১২০১৬৩৪৫ এ (সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত) যোগাযোগ করা যাবে।



মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো